

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৮৯-আইন/২০২০/৯৯/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১২৫-আইন/২০২০/৭৬/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) শর্তাবলির দফা (২) এর “শিল্প ভোক্তা” শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং
- (২) পরিশিষ্ট এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট
প্রত্যয়নপত্র
[শর্তাবলির দফা (২) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে,
(আমদানিকারকের নাম ও ঠিকানা) আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে হালনাগাদ আইআরসি সম্বলিত একটি মূসক নিবন্ধিত আমদানিকারক প্রতিষ্ঠান।

উক্ত প্রতিষ্ঠান বিগত অর্থ-বৎসরে রেয়াতি হারে আমদানিকৃত পণ্য প্রতিষ্ঠানের মূসক সংক্রান্ত রেজিস্টারে এন্ট্রি করিয়াছে এবং বিগত অর্থ-বৎসরের মূল্য সংযোজন কর সংক্রান্ত ১২ (বার) টি অথবা প্রযোজ্য ক্ষেত্রে টি রিটার্ন বা দাখিলপত্র সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট অনলাইনে/হার্ডকপি দাখিল করিয়াছে/করে নাই।

স্বাক্ষর :
(মূসক বিভাগীয় কর্মকর্তা)।
(নামীয় সিলসহ)”

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।